

বিরল উপজেলায় দফাদার ও মহল্লাদার (গ্রাম পুলিশ) নিয়োগের আবেদনপত্র বাছাইয়ের নিমিত্ত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোছাঃ আফছানা কাওহার  
উপজেলা নির্বাহী অফিসার  
বিরল, দিনাজপুর।

তারিখ : ১১/০৫/২০২৩।  
রোজ : বৃহস্পতিবার।  
সময় : দুপুর -১২.৩০ঘটিকা।  
স্থান : উপজেলা পরিষদ, কনফারেন্স রুম, বিরল, দিনাজপুর।

সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি, সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। তিনি জানান যে, বিরল উপজেলায় ১০টি ইউনিয়ন পরিষদ কার্যালয়ে ০৩(তিন) জন দফাদার এবং ২০(বিশ) জন মহল্লাদার (গ্রাম পুলিশ) পদ দীর্ঘদিন যাবত শূণ্য রয়েছে মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধের প্রেক্ষিতে এ কার্যালয়ের পত্র নং-০৫.৫৫.২৭১৭.০০০.০২.০৪৫.২৩.৫২৮, তারিখ: ৩০/০৩/২০২৩খ্রি: মোতাবেক শূণ্য পদে দফাদার ও মহল্লাদার (গ্রাম পুলিশ) পদে লোক নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করা হয়। সে প্রেক্ষিতে আবেদন গ্রহণের শেষ তারিখ ৩০/০৪/২০২৩খ্রি: পর্যন্ত সর্বমোট=৫৫(পঞ্চাশ)টি আবেদন পত্র এ কার্যালয়ে দাখিল করা হয়। তিনি আরও উল্লেখ করেন যে, ইতোপূর্বে এ কার্যালয়ের পত্র নং-০৫.৫৫.২৭১৭.০০০.০২.০৪৫.২১.১৩৩৪, তারিখ: ০১/১১/২০২১খ্রি: মোতাবেক শূণ্য পদে দফাদার/মহল্লাদার (গ্রাম পুলিশ) নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা হলে সর্বমোট=৪৪(চুয়াল্লিশ)টি আবেদন পত্র পাওয়া যায় আবেদনগুলি বাছাইঅন্তে ২৮(আঠাশ)টি আবেদন সঠিক পাওয়া যায়। তাই পূর্বের ২৮টি এবং বর্তমানে প্রাপ্ত ৫৫(পঞ্চাশ)টি সর্বমোট =৮৩(তিরিশ)টি আবেদনপত্র বাছাইয়ের নিমিত্ত গ্রাম পুলিশ নিয়োগ কমিটির সদস্য সচিব উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বিরল, দিনাজপুর বরাবর প্রেরণের জন্য সভায় আলোচনা করা হয়।


সভাপতি, সভায় জানান যে, ইতোপূর্বে এ কার্যালয়ের পত্র নং-০৫.৫৫.২৭১৭.০০০.০২.০৪৫.২১.১৩৩৪, তারিখ: ০১/১১/২০২১খ্রি: মোতাবেক গ্রাম পুলিশ নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উল্লেখ্য যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৫৪, তারিখ:০২/০৯/২০২১খ্রি: মোতাবেক ৩১/১২/২০২১খ্রি: তারিখ পর্যন্ত প্রকাশিত বিজ্ঞপ্তিতে প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা ২৫/০৩/২০২০খ্রি: তারিখে নির্ধারণের নির্দেশনা দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে উক্ত বিজ্ঞপ্তিতে প্রার্থীদের বয়সসীমা ২৫/০৩/২০২০খ্রি: তারিখে ১৮-৩০বছর হতে হবে মর্মে প্রকাশিত হয়। পরবর্তীতে এ কার্যালয়ের পত্র নং- ০৫.৫৫.২৭১৭.০০০.০২.০৪৫.২৩-৫২৮, তারিখ: ৩০/০৩/২০২৩খ্রি: মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রার্থীদের ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের বয়স ২৫/০৩/২০২০খ্রি: তারিখে সর্বোচ্চ ৩০ বছর সংক্রান্ত বিষয়টি স্পষ্টীকরণের লক্ষ্যে প্রদত্ত বিজ্ঞপ্তির ২,৬,১২নং ক্রমিকের শর্তাবলী প্রযোজ্য এবং ৩০/০৩/২০২৩খ্রি: তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির ক্ষেত্রে ৩০/০৪/২০২৩খ্রি: তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০বছর এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে ১৮-৩২বছর নির্ধারণ হবে মর্মে বিষয়টি সভায় অবহিত করা হয়। এ বিষয়ে ব্যাপক আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্তসমূহঃ-

- ১। বিরল উপজেলায় ১০টি ইউনিয়ন পরিষদ কার্যালয়ে ০৩(তিন) জন দফাদার এবং ২০(বিশ) জন মহল্লাদার (গ্রাম পুলিশ) এর শূণ্য পদে দফাদার/মহল্লাদার (গ্রাম পুলিশ) নিয়োগের জন্য সর্বমোট =৮৩(তিরিশ)টি আবেদনপত্র বাছাইয়ের নিমিত্ত গ্রাম পুলিশ নিয়োগ কমিটির সদস্য সচিব উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বিরল, দিনাজপুর বরাবর প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

- ০২। এ কার্যালয়ের ০১/১১/২০২১খ্রি: তারিখের ০৫.৫৫.২৭১৭.০০০.০২.০৪৫.২১-১৩৩৪ স্মারক মূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যাচাই-বাছাই অন্তে প্রাপ্ত ২৮টি আবেদনের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২/০৯/২০২১খ্রি: তারিখে ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৫৪ স্মারক মোতাবেক ২নং ও ৬নং শর্ত প্রযোজ্য।
- ০৩। এ কার্যালয়ের পত্র নং-০৫.৫৫.২৭১৭.০০০.০২.০৪৫.২৩-৫২৮, তারিখ:-৩০/০৩/২০২৩খ্রি:মোতাবেক প্রকাশিত বিজ্ঞপ্তিতে আবেদনকারীদের বয়স ৩০/০৪/২০২৩খ্রি: তারিখে ১৮-৩০ বছর এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে ১৮-৩২ বছর হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোছাঃ আফছানা কাওছার)  
উপজেলা নির্বাহী অফিসার

ও  
সভাপতি  
উপজেলা গ্রাম পুলিশ নিয়োগ কমিটি  
বিরল, দিনাজপুর।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বিরল, দিনাজপুর।  
[www.biol.dinajpur.gov.bd](http://www.biol.dinajpur.gov.bd)

স্মারক নং ০৫.৫৫.২৭১৭.০০০.০৭.০০৪.২৩-৭৭৪

তারিখঃ ১১/০৫/২০২৩খ্রি:।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
- ৩। মেয়র, বিরল পৌরসভা, দিনাজপুর।
- ৪। অফিসার ইন-চার্জ, বিরল থানা, দিনাজপুর।
- ৫। উপজেলা..... অফিসার, বিরল, দিনাজপুর।
- ৬। চেয়ারম্যান .....ইউপি, (সকল), বিরল, দিনাজপুর।
- ৭। সভাপতি/সম্পাদক .....বিরল, দিনাজপুর।
- ৮। জনাব.....বিরল, দিনাজপুর।
- ৯। অফিস কপি।

  
উপজেলা নির্বাহী অফিসার  
বিরল, দিনাজপুর।